দৈনিক

3 JAN 2017
১৩ ৭

# স্কুল ভবন পরিত্যক্ত ॥ খোলা মাঠে পাঠদান

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥** তানোর উপজেলার মুন্ডুমালা পৌর এলাকার প্রকাশনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবন পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে একবছর আগেই। ফলে প্রায় এক বছর ধরে স্কুলের সামনের মাঠে খোলা আকাশের নিচেই চলছে পাঠদান। ফলে ক্রমেই কমছে শিক্ষার্থীদের উপস্থিতি। এক বছর ভবনটি পরিত্যক্ত ঘোষণা করলেও নতুন ভবনের জন্য কোন পদক্ষেপ নেয়া হয়নি দীর্ঘদিনেও। শিক্ষার্থীদের পাঠদান কোথায় করানো হবে সে বিষয়ে কোন দিকনির্দেশনা দেয়া হয়নি। ফলে শিক্ষকরা নিজেদের উদ্যোগে মাঠের মধ্যেই ক্লাস করাচ্ছেন।

স্কুল কর্তৃপক্ষে তথ্য মতে, ১৯৭৩ সালে সেখানে তিন কক্ষবিশিষ্ট মাটির তৈরি ঘর করে স্কুলের কার্যক্রম শুরু করা হয়। এরপর ১৯৯৪ সালে প্রায় চার লাখ ২০ হাজার টাকা ব্যয়ে তিন কক্ষবিশিষ্ট ভবন নির্মাণ করা হয়। সে সময় ভবনটি নিম্নমানের উপকরণ দিয়ে তৈরি করায় মাত্র ২০ বছরেই ছাদের পলেস্তারা খসে পড়তে থাকে। বড় বড় ফাটল ধরে ভয়ঙ্কর আকার ধারণ করে। গত বছর অভিভাবকরা উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কাছে বিষয়টি জানালে স্থানীয় সরকার অধিদফতর প্রকৌশলীকে ভবন পরিদর্শনে পাঠান। ভবনটিতে ফাটল সৃষ্টি হওয়ায় এবং ব্যবহারের অনুপযোগী হওয়ায় ২০১৬ সালে প্রথম দিকে ভবনটি পরিত্যক্ত ঘোষণা করা হয়। সে থেকে স্কুলটি প্রথম শ্রেণী থেকে ৫ম শ্রেণী প্রায় ২০০ শিক্ষার্থীর পাঠদান খোলা আকাশের নিচে নেয়া হচ্ছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রাজ্জাক জানান, ভবনটি ঝুঁকিপূর্ণ হওয়ায় শিক্ষার্থীদের নিরাপত্তার কথা ভেবে একবছর থেকে বিদ্যালয়ের বাইরে পাঠদান করানো হচ্ছে। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) আব্দুল লতিব জানান, শিক্ষার্থীদের নিরাপত্তার কথা ভেবেই গত বছর ভবনটি পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে।